গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মহালছড়ি সরকারি কলেজ
Mahalchari Govt. College
স্থাপিত: ১৯৮৮ খ্রি.
ডাকঘর: মহালছড়ি-৪৪৩০, উপজেলা: মহালছড়ি, জেলা: খাগড়াছড়ি পার্বত্য জেলা।
কলেজ কোড: চট্টগ্রাম শিক্ষা বোর্ড-৫২৫১, কারিগরি-৭১০০৫, জাতীয় বিশ্ববিদ্যালয়-৪৭০৮
Email: mohalchari.college@gmail.com,
EIIN No: 106807 Web: mahalchari.college.gov.bd
Mobile: 01776-396400, 01577-247901

স্মারক নম্বর: ৩৭.০২.৪৬.৬৫.০১২.৯৯.২৬-৭৮৫ তারিখ: ২০/০৯/২০২৬

সভাপতি	ঃ	প্রফেসর মোঃ শামছুর রহমান (৪৮৯০) অধ্যক্ষ, মহালছড়ি সরকারি কলেজ, মহালছড়ি, খাগড়াছড়ি।
সভার স্থান	ঃ	৪০১ নং কক্ষ, আইসিটি ভাবন।
সভার তারিখ ও সময়	ঃ	১০ সেপ্টেম্বর-২০২৬, সকাল ১১.০০ঘটিকা

মতবিনিময় সভার কার্য-বিবরণী ঃ

পরিশিষ্ট (ক) ঃ সভায় উপস্থিত ব্যাক্তিবর্গের নাম, ঠিকানা ও স্বাক্ষর ।

অভিভাবক, শিক্ষক ও সুধীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত মতবিনিময় সভায় বিস্তারিত আলাপ-আলোচনার পর সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ ঃ

১। শিক্ষক স্বল্পতার দরুন শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্যে বর্তমান ০৭(সাত) জন খন্ডখালীন শিক্ষক ও ০১ (এক) জন কর্মচারীর বেতন ও উৎসবভাতা বাবদ বাৎসরিক ব্যয় মেটানোর জন্য শিক্ষার্থী প্রতি ২০০০/-(দুই হাজার) টাকা হারে নিরাপত্তা, নৈশপ্রহরী ও অত্যাবশ্যকীয় কর্মচারী খাতে আদায় করা হবে।

২। শিক্ষার্থীদের একাডেমিক ফলাফল অধিকতর উন্নয়নের জন্য ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে এবং ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ডিগ্রি (পাস) ১ম বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের জন্য যথাক্রমে নিম্নরূপ ক্লাশ টেস্ট ও টেস্ট পরীক্ষার আয়োজন করা হবে।

২.১ একাদশ শ্রেণির শিক্ষার্থীদের জন্য ক্লাশ শুরুর পর থেকে অর্ধবার্ষিক পরীক্ষা পর্যন্ত সময়সীমার মাঝখানে এবং অর্ধবার্ষিক পরীক্ষার পর থেকে বার্ষিক পরীক্ষা পর্যন্ত সময়সীমার মাঝখানে প্রতি বিষয়ে ৫০ নম্বরের একটি করে, দুটো ক্লাশ টেস্ট নেওয়া হবে। পরীক্ষার সময় হবে : ০১.৩০ ঘন্টা। তবে বিএমটির শিক্ষার্থীদের জন্য সময় হবে : ০১.০০ঘন্টা।

২.২ একইভাবে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের জন্য ক্লাশ শুরুর পর থেকে প্রাক-নির্বাচনি পরীক্ষা পর্যন্ত সময়সীমার মাঝখানে এবং প্রাক-নির্বাচনি পরীক্ষার পর থেকে নির্বাচনি পরীক্ষা পর্যন্ত সময়সীমার মাঝখানে একটি করে, দুটো ক্লাস টেস্ট নেওয়া হবে।

২.৩ পরীক্ষার ফি হবে প্রতিপত্রে ৩০/-(ত্রিশ) টাকা। এই ফি একাদশ শ্রেণিতে ভর্তি ফি'র সাথে এবং দ্বাদশ শ্রেণির সেশন ফি'র সাথে আদায় করা হবে।

২.৪ ডিগ্রি(পাস) ১ম বর্ষ (২০২৫-২০২৬) ভর্তিকৃত শিক্ষার্থীদের এবং উক্ত শিক্ষার্থীরা ২য় ও ৩য় বর্ষে উন্নীত হলে বিশ্ববিদ্যালয়ের অধীনে চূড়ান্ত পরীক্ষার পূর্বে একটি টেস্ট পরীক্ষা নেওয়া হবে। প্রতিপত্রে নম্বর হবে : ৮০ সময়: ০৩.০০ ঘন্টা এবং পরীক্ষার ফি প্রতিপত্রে ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা।

২.৫ উক্ত ফি ১ম বর্ষে ভর্তি ফি'র সাথে এবং পরবর্তীতে ২য় ও ৩য় বর্ষের সেশন ফি'র সাথে আদায় করা হবে।

আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/০৯/২০২৬
প্রফেসর মোঃ শামছুর রহমান (৪৮৯০)
অধ্যক্ষ
মহালছড়ি সরকারি কলেজ
মহালছড়ি, খাগড়াছড়ি।